

এইচএসসির ফল পুনর্মূল্যায়নের দাবিতে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক •

সদ্য প্রকাশিত উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফল পুনর্মূল্যায়ন ও পরীক্ষার উত্তরপত্র প্রদর্শনের দাবিতে রাজধানীতে মানববন্ধন করেছেন 'অপ্রত্যাশিত ফলাফল বিপর্যয়ে ভুক্তভোগী শিক্ষার্থীরা'।

গতকাল সোমবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে শিক্ষার্থীরা এই মানববন্ধন করেন। এতে রাজধানীর বিভিন্ন কলেজ থেকে পরীক্ষা নেওয়া বেশ কিছু শিক্ষার্থী অংশ নেন।

মানববন্ধনে অংশগ্রহণকারীদের একজন কবি মঞ্জুরুল কলেজ থেকে পাস করা শিক্ষার্থী আহিদুল ইসলাম প্রথম আপেক্ষে বলেন, তাঁর প্রত্যাশা ছিল জিপিএ-৫ পাবেন, কিন্তু পেয়েছেন জিপিএ-৪.১। এ রকম অনেকের প্রত্যাশা অনুযায়ী ফল হয়নি। তাই শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইনশাম নাহিদের কাছে তাঁদের দাবি, আরেকবার বাতুল পুনর্মূল্যায়ন করা হলে হয়তো তাঁদের ফল আরও ভালো হবে। এ জন্যই তাঁরা মানববন্ধন করেছেন।

শিক্ষা বোর্ডের সূত্রমতে, বর্তমান নিয়মে শুধু আবেদনকারীদের ফল পুনর্নির্দীক্ষা হয়, পুনর্মূল্যায়ন হয় না। গত পনিবার প্রকাশিত এইচএসসির ফল গতবারের চেয়ে 'সব' সূচকেই খারাপ হয়েছে। জিপিএ-৫ ও পাসের হার কমেছে।